মাদারীপুরে মানবপাচারকারী মাফিয়া চক্রের সদস্যের বাড়ি ঘেরাও”অর্ধশত ভূক্তভূগীর আকতি”

মোঃ হেমায়েত হোসেন খান – মাদারীপুরে মস্তফাপুর ইউনিয়নের বালিয়া এলাকার মানবপাচারকারী, মাফিয়া দালাল চক্রের সদস্য হাবিব ফকির ও রুবেল ফকিরের বাড়ি ঘেরাও করে”ঘরের ভিতরে অবরুদ্ধ করে রাখেন, অর্ধশত যুবকদের পরিবার ও এলাকাবাসী।

শুক্রবার (৬ ডিসেম্বর) সকাল ১০ ঘটিকার সময় সদর উপজেলার বালিয়া এলাকার মানবপাচারকারী ডন দেলোয়ার সরদারের দালাল চক্রের সদস্য হাবিব ফকির ও রুবেল ফকির,সিরিয়া বেগমের বাড়িতে এঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বালিয়া গ্রামের মৃত্যু রশিদ সরদারের ছেলে দেলোয়ার সরদার দীর্ঘদিন যাবত এলাকার যুবকদের লিবিয়া দিয়ে ইতালি পাঠানোর প্রলোভন দেখিয়ে ফাঁদে ফেলে প্রথমে ১৫ লক্ষ টাকায় চুক্তি করেন বলে অভিযোগ পাওয়া যায়।

পরে লিবিয়ায় নিয়ে একটি রুমে আটকে রেখে অমানুবিক নির্যাতন করা হয়,সেই নির্যাতনের ভিডিও ভূক্তভূগী পরিবারকে দেখিয়ে দাবি করেন জনপ্রতি ২০ লাখ টাকা মুক্তিপন।

এতে ভুক্তভোগী পরিবার মাফিয়াদের নির্যাতনের শিকার হয়ে ভিটে বাড়ি বিক্রি করে সন্তানদের বাঁচাতে পরিষদ করেন দালালদের দাবিকৃত লাখ লাখ টাকা। সেই টাকা দিতে হয় মাফিয়া চক্রের ডন দেলোয়ার সরদারের বড় বোন সিরিয়া বেগম ও তার ছেলে কামালের হাতে।

এবিষয়ে ভুক্তভোগীরা বলেন, মাফিয়া ডন,দেলোয়ার সরদার আমাদের পরিবারের কাছ থেকে প্রথমে ১৫ লাখ টাকা পরে লিবিয়ায় আটকে রেখে জনপ্রতি ২০/২৫ লক্ষ টাকা নিয়ে মাফিয়াদের কাছে বিক্রি করে দেয়,এতে নিরুপায় হয়ে আপনজনকে বাঁচাতে ভিটে বাড়ি বিক্রি করে সর্বশান্ত হয়ে যায় শতশত পরিবার।

স্থানীয় সূত্রে জানা যায়, মাদারীপুর জেলার বিভিন্ন এলাকা থেকে প্রায় ২ শতাধিক যুবকে মাফিয়া চক্রের ডন, দেলোয়ার সরদার তার ফাঁদে ফেলে ভিটা মাটি সর্বস্ব খেয়েছেন। হাতিয়ে নিয়েছেন কোটি

কোটি টাকা, কুখ্যাত মাফিয়া চক্রের সদস্য দেলোয়ার সরদারের বিরুদ্ধে রয়েছে একাধিক মানব পাচারের মামলা।

অভিযুক্ত দালালরা হলেন,মাফিয়া চক্রের সদস্য, মাদারীপুর সদর উপজেলার মোস্তফাপুর ইউনিয়নের বালিয়া এলাকার মৃত্যু রসিদ সরদারের ছেলে দেলোয়ার সরদার ও তার বড় বোন সিরিয়া বেগম,ভাগ্নে কামাল হোসেন, মৃত্যু রহিম ফকিরের ছেলে হাবিব ফকির ও রুবেল সহ অনেকেই

ভুক্তভোগীরা হলেন, একেই উপজেলার মোস্তফাপুর ইউনিয়নের ছোট খালপাড় গ্রামের নুরুল ইসলাম মাতুব্বারের ছেলে, ফারুক মাতব্বর, বড় বাড্ডা গ্রামের আজিজ মাতুব্বরের ছেলে নুরুজ্জামান মাতুব্বর, ছোট বাড্ডা গ্রামের নূর মোহাম্মদ বয়াতির ছেলে মোক্তার বয়াতি, বড় বাড্ডা ৩ নং ওয়ার্ডের কবির মাতুব্বরের ছেলে সালমান মাতুব্বর, ঘটমাঝি ইউনিয়নের ২ নং ওয়ার্ড উত্তর ঝিকুরহাটি এলাকার লালচান হাওলাদারের ছেলে, আরমান হাওলাদারসহ অর্ধশত যুবক। তাদের বয়স ১৮-২৪ বছরর মধ্যে।

এবিষয়ে রাজধানী টেলিভিশনের মাদারীপুর জেলা প্রতিনিধি সোহেল তালুকদার বলেন,গত ১০ ফেব্রুয়ারি-২০২৪ ইং তারিখে আমি ও দৈনিক ঢাকা পত্রিকার প্রতিনিধি শেখ এমদাদুল হক ও দৈনিক আলোকিত বাংলাদেশ পত্রিকার প্রতিনিধি নাহীদ তালুকদারসহ মানবপাচারের তথ্য সংগ্রহ করতে গেলে, মাফিয়া ডন দেলোয়ার সরদারের অনুসারীরা আমাদের উপরে সন্ত্রাসী হামলা চালিয়ে ক্যামেরা ভাঙচুর করে এবং মাফিয়া চক্রের সদস্য সিরিয়া বেগম আমাদের বিরুদ্ধে মাদারীপুর সদর থানায় ৩০ লক্ষ টাকার চাঁদাবাজি মিথ্যা মামলা দায়ের করেন। সংবাদকর্মী হিসেবে মাফিয়াদের এই মিথ্যা মামলার ন্যায় বিচার দাবি করছি।

এছাড়াও অভিযুক্তরা বলেন, বিভিন্ন এলাকার শতাধিক ভুক্তভোগীদের কাছ থেকে ৪০ থেকে ৪৫ লক্ষ টাকা নিয়েছে বলে অভিযোগ করেন ভুক্তভোগীরা।